জাহান্নাম সব সময় বলতে থাকবে, আরও অতিরিক্ত আছে কি? এমনকি রাব্বুল ইজ্জত তাঁর পা তাতে রাখবেন। তখন সে বলবে থামো! থামো! তোমার ইজ্জতের শপথ। তার একটি অংশ অপর অংশের মধ্যে চুর্ণবিচুর্ণ হয়ে ডুকে পড়বে।

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “জাহান্নাম সব সময় বলতে থাকবে,
আরও অতিরিক্ত আছে কি? এমনকি রাব্বুল ইজ্জত তাঁর পা তাতে রাখবেন। তখন সে বলবে থামো! থামো! তোমার ইজ্জতের শপথ। তার একটি অংশ অপর অংশের মধ্যে চুর্ণবিচুর্ণ হয়ে ডুকে পড়বে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আল্লাহ তা‘আলা সংবাদ দেন যে, তিনি জাহান্নামকে বলবেন, তুমি পূর্ণ হয়েছ? কারণ, হলো আল্লাহ তাকে প্রতিশ্রুতি দিয়েছেন যে, তাকে সে জিন্ন ও ইনসান দিয়ে পরিপর্ণ করে দিবেন। তখন আল্লাহ যাকে জাহান্নামে পাঠানোর নির্দেশ করা যায় তাকে জাহান্নামে পাঠানোর নির্দেশ দিবেন এবং তাকে তাতে নিক্ষেপ করা হবে। আর জাহান্নাম বলতে থাকবে, আরও বেশি আছে কি? আর কোনো কিছু বাকী আছে কি যা তুমি আমাকে অতিরিক্ত দিবে? এমনকি একটি সময় রাব্বুল ইজ্জত তাঁর পা তাতে রাখবেন। তখন সে বলবে, এটি আমার জন্য যথেষ্ট। আর তা সংকোচিত করা হবে এবং কিছু অংশকে অপর অংশের মধ্যে একত্র করা হবে। এখানে আল্লাহর পায়ের সিফাতকে আগে প্রেরিত জাহান্নামী মানুষ কিংবা অন্য কোনো বাতিল ব্যাখ্যা দ্বারা ব্যাখ্যাত করা যাবে না। বরং পায়ের সিফাত কোনো প্রকার বিকৃতি, অকার্যকর এবং ধরণ ও তুলনা ছাড়া আল্লাহর জন্যে সাব্যস্ত করা ওয়াজিব।

http://sunnah.global/hadeeth/bn/show/8312